27 MAR 2016
7 ... কলাম ... 2

দৈনিক ইত্তেফাক

# পীরগঞ্জে শিক্ষার্থীদের গাইড বই কিনতে বাধ্য করার অভিযোগ

■ পীরগঞ্জ (ঠাকুরগাঁও) সংবাদদাতা

পীরগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি সহায়ক পাঠ্যপুস্তকের (গাইড বই) তালিকা করে বিদ্যালয়ের শিক্ষকের মাধ্যমে ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের হাতে ধরিয়ে দেয়ায় শিক্ষার্থীরা গাইড বই কিনতে বাধ্য হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

বর্তমান সরকার শিক্ষার্থীদের পাঠ্যসূচি অনুযায়ী সব ধরনের বই ১ জানুয়ারি বিনামূল্যে সরবরাহ করলেও চাপে পড়ে সহায়ক পুস্তক কিনতে বাধ্য হচ্ছে শিক্ষার্থীরা। অভিযোগ উঠেছে—শিক্ষক সমিতির সরবরাহ করা গাইড বইয়ের তালিকায় সহায়ক বইয়ের জন্য দুটি প্রকাশনী এবং শহরের ছয়টি লাইব্রেরির নাম উল্লেখ আছে, যেখান থেকে ওই সব গাইড বই কিনতে বলা হচ্ছে শিক্ষার্থী ও অভিভাবকদের।

লাইব্রেরি মালিকরা জানান,কোনো সহায়ক বই বিক্রি করছেন না পুস্তক বিক্রেতারা। কয়েকজন শিক্ষার্থী জানান,প্রশ্নপত্র নাকি সহায়ক বই থেকেই হবে। তাই বোর্ড বইয়ের পাশাপাশি সহায়ক বইগুলো পড়তে পরামর্শ দেয়া হচ্ছে। গাইড কিনতে ব্যর্থ শিক্ষার্থীদের স্কুলে নানাভাবে বকাঝকা করা হয়।

এ ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আলম বলেন, 'শিক্ষার্থীরা বোর্ড বইয়ের পাশাপাশি সহায়ক বইয়ের সহযোগিতা নিলে ফলাফল ভালো করবে। তবে শিক্ষার্থীদের বই কিনতে বাধ্য করা হচ্ছে না।' এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তোফাজ্জল হোসেন বলেন, 'বিষয়টি আমার জানা নেই।'